

## এইচএসসিতে শতভাগ ফেল বরিশালে ৫ কলেজের পাঠদানের অনুমতি বাতিল

**শিক্ষালয়**

এইচএসসিতে শতভাগ শিক্ষার্থী  
সতর্ক হওয়ায় বৃহস্পতিবার বরিশাল  
বিভাগের পাঁচটি কলেজের পাঠদানের  
অনুমতি বাতিল করেছে শিক্ষা বোর্ড।  
এছাড়া পরীক্ষায় অসদুপায় অবলম্বনের  
দায়ে বহিষ্কৃত ২৬ শিক্ষার্থীকে দণ্ড দেয়া  
হয়েছে। এর মধ্যে ২৩ জনকে এক  
বছরের, দু'জনকে দুই বছরের এবং  
একজনকে চার বছরের জন্য পরীক্ষায়  
অংশ না নেয়ার শাস্তি দেয়া হয়েছে।  
পাঠদানের অনুমতি বাতিল হওয়া  
কলেজগুলো হল— বরগনার বেতাগী  
উপজেলার চান্দুখালী স্কুল অ্যান্ড কলেজ,  
পাথরঘাটার কাকচিরা স্কুল অ্যান্ড কলেজ,  
পটুয়াখালীর দুমকি উপজেলার নাছিমা-  
কেরামত আলী স্কুল অ্যান্ড কলেজ,  
মির্জাপুর উপজেলার মজিদবাড়িয়া  
কলেজ ও পিরোজপুরের ভাণ্ডারিয়া  
উপজেলার বিহারী পাইলট স্কুল অ্যান্ড  
কলেজ।

বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা  
বোর্ডের কলেজ পরিদর্শক ড. লিয়াকত  
হোসেন বলেন, গুই পাঁচ কলেজের  
পাঠদানের অনুমতি বাতিলের পাশাপাশি  
তাদের কারণ দর্শানোর নোটিশও দেয়া  
হয়েছে। সাত কর্মদিবসের মধ্যে  
নোটিশের জবাব দিতে বলা হয়েছে।  
জবাব পেলে কলেজগুলোর বিষয়ে চূড়ান্ত  
সিদ্ধান্ত নেয়া হবে। প্রয়োজনে তাদের  
স্বীকৃতিও বাতিল করা হতে পারে।

তিনি আরও জানান, পটুয়াখালীর দুমকি  
উপজেলার নাছিমা-কেরামত আলী স্কুল  
অ্যান্ড কলেজ ছাড়া বাকি চার কলেজ  
নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে  
শ্রেণীভুক্ত হতে পারেনি। পাশাপাশি এ  
পাঁচটি কলেজকে এইচএসসি পরীক্ষার  
আগে সতর্ক করে নোটিশ দেয়া হয়।  
তাতে বলা হয়, কেউ পাস না করলে  
তাদের কলেজের পাঠদানের অনুমতি  
বাতিল করা হবে। তারা তখন পাস করার  
নিশ্চয়তা দিয়ে পরীক্ষায় অংশ নিয়েছিল।  
কিন্তু একজন শিক্ষার্থীও পাস করেনি।